আলমডাঙ্গায় শিশু ধর্ষণের অভিযোগে একজন আটক

আলমডাঙ্গার বাঁশবাড়িয়া গ্রামে প্রাথমিক বিদ্যালয়ের এক শিশুকে ধর্ষণের অভিযোগে সোহেল নামের একজনকে গ্রেফতার করেছে পুলিশ।

গতকাল শনিবার সন্ধ্যায় তাকে গ্রেফতার করা হয়। সোহেল আলমডাঙ্গার বাঁশবাড়িয়া গ্রামের মৃত মওলা বক্সের ছেলে।

জানা গেছে, শিশুটি গত ৪ নভেম্বর (বুধবার) বিকেলে প্রতিবেশীর বাড়ি থেকে নিজের বাড়ি ফিরছিল। এ সময় সোহেল তাকে চকলেটের লোভ দেখিয়ে পাশের পান বোরজে নিয়ে গিয়ে ধর্ষন করে। শিশুটি বাড়িতে গিয়ে অসুস্থবোধ করলে পরিবারের লোকজনের সন্দেহ হয় এবং মেয়েটির সাথে জানতে পারে সোহেল নামের লোকটি তার সাথে খারাপ কিছু করেছে।

এরপর তারা শনিবার সকালে মেয়েটিকে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিয়ে ভর্তি করে। দুপুরে মেয়েটির চাচা বাদি হয়ে থানায় মামলা দায়ের করেন।

পুলিশ সন্ধ্যায় অভিযান চালিয়ে বাঁশবাড়িয়া গ্রাম থেকে সোহেলকে গ্রেফতার করে ।

আলমডাঙ্গা থানার অফিসার ইনচার্জ আলমগীর কবীর ঘটনার সত্যতা স্বীকার করে বলেছেন, পুলিশ সন্ধ্যায় অভিযান চালিয়ে বাঁশবাড়িয়া গ্রাম থেকে সোহেলকে গ্রেফতার করে ।

দর্শনায় হিন্দু বৌদ্ধ খ্রিষ্টান ঐক্য পরিষদের

বিক্ষোভ সমাবেশ

চুয়াডাঙ্গা জেলার দর্শনায় হিন্দু বৌদ্ধ খ্রিষ্টান ঐক্য পরিষদের গণঅবস্থান ও বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

গতকাল সকাল ১০টায় দর্শনা প্রেসক্লাবের সামনে দামুড়হুদা উপজেলার হিন্দু বৌদ্ধ খ্রিষ্টান ঐক্য পরিষদের সভাপতি উত্তম কুমার দেবনাথের সভাপতিত্বে এ বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়।

সমাবেশে বক্তব্য রাখেন দামুড়হুদা উপজেলা পূজা উদযাপন পরিষদের সাধারণ সম্পাদক অনন্ত কুমার শান্তারা মঙ্গল, দামুড়হুদা উপজেলার হিন্দু বৌদ্ধ খ্রিষ্টান ঐক্য পরিষদের সাধারণ সম্পাদক জেম্স নিপু মন্ডল, আব্দুল ওদুদ শাহ ডিগ্রী কলেজের বাংলা বিভাগের প্রভাষক মিল্টন কুমার সাহা,

আজমপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক সরুপ কুমার দাস, দর্শনা পৌরসভা হিন্দু বৌদ্ধ খ্রিষ্টান ঐক্য পরিষদের সাংগঠনিক সম্পাদক সমির কুমার সরকার, সহ-সভাপতি দিপেন ঘোষ, শ্রী প্রশান্ত কর্মকার ও শোভন দাস প্রমুখ। সমাবেশটি সঞ্চালনা করেন অনন্ত কুমার শান্তারা মঙ্গল।

আলমডাঙ্গায় দলিত সম্প্রদায়ের বাড়িতে মুসলিম বাল্য বিয়ের আয়োজন

আলমডাঙ্গার কেশবপুর গ্রামে একটি বাল্য বিয়েকে কেন্দ্র করে গ্রামটিতে রীতিমত হৈচৈ পড়েছে। বাল্য বিয়ে ঢাকতে গ্রামের একটি দলিতের (মুচির) বাড়িতে গিয়ে বিয়ে পড়ানোর কারণে বিয়ের কাজিকে মাওলানা ডেকে তওবা পড়ানো হয়। আবার নতুন করে একই পাত্র-পাত্রীর বিয়ের আয়োজনও করা হয়।

জানা গেছে, আলমডাঙ্গার কশেবপুর গ্রামের হানেফ আলীর অষ্টম

শ্রেণিতে পড়য়া ছেলের সাথে একই গ্রামের বছির আলীর ষষ্ঠ শ্রেণিতে পড়ুয়া মেয়ে বৃষ্টি খাতুনের বিয়ের দিনক্ষণ ঠিক হয়। কিন্ত দুই পরিবারের অভিভাবকরা বাল্য বিয়ে হওয়ায় বিয়ে দিতে ভয় পেতে থাকেন। এই দুই অভিভাবকের ভয় কাটাতে এগিয়ে আসেন গ্রামেরই দুই কথিত মাতবর সেলিম ও মুঞ্জিল। তারা অভিভাবকদের অভয় দেন।

দুইপক্ষ গ্রামের কথিত দুই মাতবরের অভয় পেয়ে বিয়ে দিতে রাজি হন। বিয়ের আনুষ্ঠানিকতা গোপন করতে ৪ নভেম্বর রাতে গ্রামের অশ্বিন মুচির বাড়িতে বিয়ের এক অনাড়ম্বর অনুষ্ঠানের আয়োজন করে। বিয়ে পড়াতে ডাকা হয় গ্রামের জামে মসজিদের ইমাম আব্দুর রহমানকে। এরপর যথারীতি দুই নাবালক-নাবালিকার মধ্যে বিয়ে হয়ে যায়।

এরপর রাত পেরিয়ে সকাল হতেই এক কান দুই কান করতে করতে মুচির বাড়িতে বিয়ে পড়ানোর ঘটনা গ্রামভর জানাজানি হয়ে যায়। এতে গ্রামবাসির মধ্যে তীব্র সমালোচনার ঝড় ওঠে। সমালোচনার ঝড় থামাতে আবারও দৃশ্যপটে হাজির হন কথিত সেই দুই মাতবর সেলিম ও মুঞ্জিল। তারা অন্য মাওলানার কাছে এর মাশালা চান। মাওলানা মসজিদের ইমামকে তওবা পড়ানোর মাশালা দেন।

এরপর এক ঘরোয়া অনুষ্ঠানের মধ্যে দিয়ে মাওলানা ডেকে বিয়ে পড়ানো মসিজদের ইমাম আব্দুর রহমানকে তওবা পড়ানো হয়। এভাবেই ওই বাল্য বিয়েকে জায়েজ করার যাবতিয় কর্মকাণ্ড সম্পন্ন করা হয়।

কিন্তু গ্রামের কিছু লোক এতেও ঘোর আপত্তি জানিয়ে বলেছেন, অবৈধ এইসব বিয়ে পড়ানো বন্ধ করা উচিৎ। তারা অনুষ্ঠিত এই ধরনের একাধিক বাল্য বিয়ের জন্য গ্রামের সেলিম ও মুঞ্জিলকে দায়ি করে বলেছেন, এই দুইজন গ্রামেও বাল্য বিয়েতে উৎসাহ দিয়ে থাকেন। কখনও কখনও গ্রামের বাইরে থেকে এসেও এই দুইজনের শেল্টারে বিয়ে পড়িয়ে নিয়ে যায়।

এ ব্যাপারে কথিত মাতবর মুঞ্জিল বলেন, সে এইসবের ভেতরে জড়িত নন। গ্রামের মাতবররা অশ্বিন মুচির বাড়িতে বিয়ে পড়িয়েছে এবং কাজিকে মাওলানা ডেকে তওবা পড়ানোর ব্যবস্থা করেছেন। গ্রামের মাতবর কে জানতে চাইলে তিনি জানান, সেলিমের সাথে কথা বলিয়ে দিবেন।

মেহেরপুরের গাংনীতে ফেন্সিডিল সহ মাদক ব্যবসায়ী আটক

মেহেরপুরের গাংনীতে ৫২ বোতল ফেন্সিডিলসহ ইন্তাজ আলীর ছেলে মুন্নাত আলী (৩৬) কে আটক করেছে মেহেরপুর জেলা ডিবি পুলিশ।

শনিবার বিকেলে এস আই মুক্ত রায় চৌধুরীর নেতৃত্বে মেহেরপুর গাংনী উপজেলার নওদাপাড়া পিরতলা মাঠ এলাকায় এ অভিযান চালানো করা হয়।

এ সময় তিনি বলেন, আমাদের কাছে গোপন সংবাদ আসে গাংনী উপজেলার নওদাপাড়ার পিরতলা মাঠে একটি মাদকের চালান হবে, এমন সংবাদের ভিত্তিতে আমরা দীর্ঘক্ষণ আভিযান চালিয়ে ইন্তাজ আলীর ছেলে মুন্নাত আলী (৩৬) কে ৫২ বোতল ফেন্সিডিলসহ আটক করতে সক্ষম হয়।

এবং তিনি আরও যানান,এই ঘটনায় গাংনী থানায় একটি মামলা দায়ের করা হয়েছে।

মেহেরপুরে ৪৯ তম সমবায় দিবস পালিত

আলোচনা সভা ও পুরস্কার বিতরণ এর মধ্য দিয়ে মেহেরপুরে ৪৯ তম সমবায় দিবস পালিত হয়েছে।

শনিবার দুপুরে মেহেরপুর জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে আলোচনা সভা শেষে সমবায়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান এর সভাপতিত্বে মেহেরপুর জেলা প্রশাসন ও জেলা সমবায় অফিস এর উদ্যোগে অনুষ্ঠিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন।

অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) তৌফিকুর রহমান এর সঞ্চালনায়

অনুষ্ঠানে বক্তব্য রাখেন মেহেরপুর সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান অ্যাড. ইয়ারুল ইসলাম, জেলা সমবায় কর্মকর্তা জসীমউদ্দীন, জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি আব্দুল হালিম, যুগ্ম সম্পাদক অ্যাড. ইব্রাহিম শাহীন, আইন বিষয়ক সম্পাদক পাবলিক প্রসিকিউটর পল্লব ভট্টাচার্য, সাবেক প্রফেসর হাসানুজ্জামান মালেক, শহীদ সাদিক হোসেন বাবুল, সমবায় ব্যাংক সভাপতি নুরুল ইসলাম, ইউসিসি সভাপতি মোস্তাফিজুর রহমান টিপু প্রমূখ। পরে বিভিন্ন সমিতিও ব্যক্তির মাঝে পুরস্কার প্রদান করা হয়।

অনুষ্ঠানে মৎস্য ব্যবসায়ী হিসাবে আবদুল মুহিত, সমবায় ব্যাংকের সভাপতি নুরুল ইসলাম, ইউসিসি সভাপতি মোস্তাফিজুর রহমান টিপু এবং সমিতির মধ্যে চাঁদবিল মৎস্যজীবী সমিতি, হরিরামপুর ঈদগা পাড়া সমিতি, হাসনাবাদ মৎস্যজীবী সমিতি তেরোঘরিয়া মৎস্যজীবী সমিতির মধ্যে পুরস্কার বিতরণ করা হয়।

এছাড়াও উপস্থিত ছিলেন অফিসের পরিদর্শক জাহাঙ্গীর হোসেন, প্রশিক্ষক হুমায়ুন কবীর, নুরুজ্জামান, সহকারী প্রশিক্ষক রোকনুজ্জামান তুষার প্রমূখ।

ঝিনাইদহে বাংলাদেশ হিন্দু বোদ্ধ ঐক্য পরিষদের মানববন্ধন

তথ্য প্রযুক্তির অপব্যবহার পূর্বক ধর্ম অবমাননার গুজব ছড়িয়ে দেশের বিভিন্ন জায়গায় সাম্প্রদায়িক হামলার প্রতিবাদে ঝিনাইদহে মানববন্ধন কর্মসূচি পালিত হয়েছে।

শনিবার সকালে শহরের পোষ্ট অফিস মোড়ে ঘন্টাব্যাপী মানববন্ধনে বাংলাদেশ হিন্দু বোদ্ধ ঐক্য পরিষদ ও পূজা উদযাপন পরিষদ, ছাত্র যুব ঐক্য পরিষদ জেলা শাখা এ কর্মসূচি আয়োজন করে।

মানববন্ধনে অংশগ্রহণকারী বক্তারা সরকারের দৃষ্টি আকর্ষণ করে বলেন, ধর্ম যার যার রাষ্ট্র সবার, ধর্মীয় রাষ্ট্র নয়, ধর্ম নিরপেক্ষ রাষ্ট্র চাই।

এসময় উপস্থিত ছিলেন জেলা পরিষদের চেয়ারম্যান ও বাংলাদেশ পুজা উদযাপন পরিষদের সভাপতি কনক কান্তি দাস, জেলা হিন্দু বোদ্ধ ঐক্য পরিষদের সভাপতি নারায়ন চন্দ্র বিশ্বাস, সাধারণ সম্পাদক সুবীর সমাদ্দার, সদর থানা পুজা উদযাপন পরিষদের সাধারণ সম্পাদক উত্তম গাঙ্গুলী, জেলা ছাত্র যুব ঐক্য পরিষদের সভাপতি পলাশ বিশ্বাস, ঐক্য পরিষদের নেতা সুশান্ত সরকার, সাধন সরকার, প্রসেনজিৎ ঘোষ সিপন প্রমুখ।

ঝিনাইদহে জাতীয় সমবায় দিবস পালিত

‘বঙ্গবন্ধুর দর্শন সমবায়ে উন্নয়ন’ এই স্লোগানে ঝিনাইদহে ৪৯ তম জাতীয় সমবায় দিবস পালিত হয়েছে।

শনিবার সকালে শহরের ইকো পার্কে জেলা সমবায় অফিস এ অনুষ্ঠানের আয়োজন করে। এতে কেন্দ্রীয় সমবায় ব্যাংকের সভাপতি ঝিনাইদহ পৌরসভার মেয়র সাইদুল করিম মিন্টু’র সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক সরোজ কুমার নাথ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার আনোয়ার সাঈদ, সদর উপজেলঅ নির্বাহী অফিসার বদরুদ্দোজা শুভ, জেলা সমবায় ইউনিয়নের সভাপতি মিজানুর রহমান, জেলা সমবায় অফিসার আহসান হাবিব।

অনুষ্ঠানে জেলার ৬ উপজেলার সমবায়ী, সফল উদ্যোক্তাসহ বিভিন্ন শ্রেণী পেশার মানুষ উপস্থিত ছিলেন। পরে সফল সমবায়ীদের মাঝে সম্মাননা ক্রেষ্ট প্রদান করা হয়।

মুজিবনগরে বাগোয়ান ওয়ার্ড আওয়ামীলীগের মতবিনিময় ও প্রতিবাদ সভা

মেহেরপুরের মুজিবনগর উপজেলার বাগোয়ান ইউনিয়নের ওয়ার্ড আওয়ামীলীগের উদ্যোগে মুজিবনগর উপজেলা আওয়ামীলীগের সভাপতি ও উপজেলা চেয়ারম্যান জিয়াউদ্দীন বিশ্বাস এর বিরুদ্ধে নিজ দলের কিছু কুচক্রী মহল, ষড়যন্ত্রকারী নানা মিথ্যা ও বানোয়াট কথা রটানোর বিরুদ্ধে মতবিনিময় ও প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়েছে।

শনিবার বিকেলে মানিকনগর ডি এস আমিনিয়া মাদ্রাসা প্রঙ্গনে এই মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

মতবিনিময় অনুষ্ঠানে বাগোয়ান ইউনিয়নের ১ নং ওয়ার্ড আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ফিতাজ মল্লিক এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্হিত ছিলেন মুজিবনগর উপজেলা আওয়ামীলীগের সভাপতি ও উপজেলা চেয়ারম্যান জিয়াউদ্দীন বিশ্বাস।

বিশেষ অতিথি হিসাবে উপস্হিত ছিলেন, বাগোয়ান ইউপি আওয়ামীলীগের সাবেক সাধারণ সম্পাদক ও কেদারগন্জ বাজার কমিটির সভাপতি কুতুব উদ্দীন মল্লিক।

উপস্হিত থেকে বক্তব্য রাখেন বিভিন্ন ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি আহসান মোল্লা, জাহাঙ্গীর হোসেন, উলফাত শেখ,নজরুল ইসলাম, সুজিত মন্ডল, জাহিদ হোসেন, সম্পাদক রাহাতুল্লাহ, কামাল হোসেন, বাগোয়ান ইউনিয়ন যুবলীগের সভাপতি আজিজুল রহমান মোংলা, সম্পাদক বাবুল মল্লিক, বাগোয়ান ইউপি সদস্য আনোয়ারুল ইসলাম, দিলিপ মল্লিক, সোহরাব উদ্দীন, কাজী কোমর উদ্দীন সেলিম, বাগোয়ান ইউনিয়নের ৯ টি ওয়াডের বিপুল সংখ্যাক আওয়ামীলীগ, যুবলীগ,ছাত্রলীগের নেতৃবৃন্দ এ সময় উপস্থিত ছিলেন।

গাংনীতে খেজুর গাছ কাটা নিয়ে ব্যস্ত গাছিরা

মেহেরপুর জেলার গাংনী উপজেলার জুগীন্দা গ্রামের মৃত সামছদ্দীনের ছেলে মকলেচু রহমান, বিগত ১০বছর যাবত নিজের জমিতে লাগানো ৫০টি খেজুর গাছ কাটে রস ও গুড় বিক্রয় করে। প্রতিদিন ১০-১২ কেজি গুড় হয়। প্রতি কেজি ১৪০টাকা দরে বিক্রয় করে।

বাংলা কার্তিক মাসে শীতের আমেজ পড়লেই গাছে কাটার প্রস্ততি শুরু করেন। অগ্রহায়ণ মাস থেকে শুরু করে চৈত্র মাসের মাঝামাঝি পর্যন্ত খেজুর গাছ থেকে রস সংগ্রহ করেন।

গাংনী বিভিন্ন এলাকা ঘুরে দেখা যায় বর্তমান খেজুর গাছের পরিমাণ দিন দিন কমে যাচ্ছে,গাচ্ছিদের সংখ্যাও কমে আসছে দিন দিন অনেক গাছি বলেন, সরকারী সাম্যন্য সাহায্য সহযোগিতা পেলেও খেজুরের গুড় তৈরীতে আগ্রহী হবেন অনেক, দেশের চাহিদা মিটিয়ে রপ্তানি সম্ভব হবে বাইরের দেশেও। জীবন-জীবিকা নির্বাহ করে থাকে।

প্রতিদিন রস জালিয়ে গুড়করে বিক্রয় মেহেরপুর জেলার বিভিন্ন গ্রামের বিভিন্ন শ্রেনী পেশার মানুষেরা মকলেচুরের কাছে থেকে গুড় সংগ্রহ করে থাকে।

ডা: আবু তাহের সিদ্দিক জানান, আমি প্রতি বছর আমার পরিবারের জন্য মকলেচুরে কাছে থেকে খেজুর গুড় নিয়ে থাকি সবচেয়ে বড় কথা তার কাছে নির্ভেজাল গুড় পাওয়া যায়।

গাংনী সরকারী ডিগ্রী কলেজের অধ্যক্ষ মনিরুল ইসলাম জানান বর্তমান সময়ে সস্পৃর্ণ নির্ভেজাল গুড় পাওয়া প্রায় অসম্ভব। তার পরেও মকলেচুরের কাছে নির্ভেজাল গুড় পাওয়া যায়।

[redacted]

[redacted]